

আন-নাজম | An-Najm | النِّجْم

আয়াতঃ ৫৩ : ৫৫

আরবি মূল আয়াত:

فَبِأَيِّ آلَاءِ رَبِّكَ تَتَمَارَىٰ ﴿٥٥﴾

অনুবাদসমূহ:

তাহলে তুমি তোমার রবের কোন্ অনুগ্রহ সম্পর্কে সন্দেহ পোষণ করবে? — আল-বায়ান

অতএব তুমি তোমার প্রতিপালকের কোন নি'মাতে সন্দেহ পোষণ করবে? — তাইসিরুল

তুমি তোমার রবের কোন্ অনুগ্রহ সম্পর্কে সন্দেহ পোষণ করবে? — মুজিবুর রহমান

Then which of the favors of your Lord do you doubt? — Sahih International

৫৫. সুতরাং (হে মানুষ!) তুমি তোমার রবের কোন অনুগ্রহ সম্পর্কে সন্দেহ পোষণ করবে?(১)

(১) تَمَارَى শব্দের এক অর্থ, সন্দেহ পোষণ করা। আরেক অর্থ বিবাদ ও বিরোধিতা করা। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৫৫) সুতরাং তুমি তোমার প্রতিপালকের কোন অনুগ্রহ সম্পর্কে সন্দেহ পোষণ করবে? [1]

[1] বা বিতর্ক করবে ও সেগুলোকে মিথ্যা মনে করবে? কারণ, সেগুলো এত ব্যাপক ও সুস্পষ্ট যে, না সেগুলো অস্বীকার করা সম্ভব, আর না গোপন করা।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4839>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন